

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.১৫০.২৩ নথির বিষয়: Supply of Shill-Borak Bamboo for the Maintenance work of existing sewer line for the month of August-September-2023 under MODS Zone-3.

নোট: ১ নোটের বিষয়: Supply of Shill-Borak Bamboo for the Maintenance work of existing sewer line for the month of August-September-2023 under MODS Zone-3.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৮/২৩ ৬:১৯ অপরাহ্ন

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে জাতীয় সংসদ ভবন, গণভবন, এম.পি হোস্টেল সমূহ, পরিকল্পনা মন্ত্রণালয়, বঙ্গবন্ধু যাদুঘরসহ অসংখ্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যেমন রয়েছে তেমনি বহু রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের আবাসিক এলাকা "ধানমন্ডি" অবস্থিত। অত্র জোনের দক্ষিণে নীলক্ষেত, পূর্বে কাজী নজরুল ইসলাম এডিনিউ, উত্তরে কল্যানপুর মেইন খাল এবং পশ্চিমে বেড়িবাঁধ ও তদপরবর্তী (ঢাকা উদ্যানসহ) তুরাগ নদী পর্যন্ত। অত্র জোনের আওতাধীন এলাকা সমূহের মধ্যে অন্যতম এলাকা সমূহ হলো ধানমন্ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, জিগাতলা, কলাবাগান, শেরেবাংলা নগর, মনিপুরী পাড়া, শ্যামলী, শংকর, রাজাবাজার, রায়েরবাজার ইত্যাদি। বর্তমানে ৪ টি পয়ঃ লিফট স্টেশনের মাধ্যমে জোনের পয়ঃ বর্জ্য সমূহ বিভিন্ন নেটওয়ার্কের মাধ্যমে পাগলা পয়ঃ শোধনাগারে প্রেরণ করা হয়। **এম.আই.এস রিপোর্ট (মে/২০১৫) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ম্যানহোল ৩১০০টি ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে।** উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৮/২৩ ৬:১৯ অপরাহ্ন

অত্র মডস জোনের বেশিরভাগ এলাকায়ই পয়ঃ লাইন বিদ্যমান রয়েছে। পয়ঃ লাইনে ব্লকেজের কারনে প্রায়ই বিভিন্ন ম্যানহোল ওভার-ফ্লো এর অভিযোগ পাওয়া যায়। জরুরী ভিত্তিতে পয়ঃ লাইনের ব্লকেজ ছাড়াতে বাখারী একটি গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় সহায়ক হিসাবে কাজ করে। পয়ঃ লাইনের ব্লকেজ ছাড়াতে আধুনিক প্রযুক্তির সাথে বাখারীও কার্যকর ভূমিকা রাখে; বেশিরভাগ ব্লকেজ ছাড়ানোর ক্ষেত্রে শুধুমাত্র বাখারী ই যথেষ্ট ভূমিকা পালন করে। আগস্ট-সেপ্টেম্বর- ২০২৩ ইং মাসের জন্য বাখারী তৈরীর লক্ষ্যে প্রমান সাইজের বোরাক বাঁশ সরবরাহ ও বাখারী তৈরীর লক্ষ্যে অভিজ্ঞ ঠিকাদারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান “ মেসার্স জাওয়ার এসোসিয়েটস ” কে চিঠি প্রেরণ করা হলে ঠিকাদারী প্রতিষ্ঠান সরবরাহ কাজটি করার জন্য সম্মতি প্রদান করেন। ঠিকাদারের মতামতের ভিত্তিতে পূর্বানুমোদিত দর অনুসারে একটি প্রাক্কলন তৈরী করা হলো যাতে প্রাক্কলিত টাকার পরিমান দাঁড়িয়েছে **৪৮,২৮৮(আটচল্লিশ হাজার দুইশত আটটিশ)** টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার **B-14.2, SL No-10** (পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষন) খাত হতে নির্বাহ করা হবে। পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের লক্ষ্যে প্রয়োজনীয় বাখারী তৈরীর জন্য কোনো ধরনের ঠিকাদার বর্তমানে নিয়োজিত না থাকায় বোরাক বাঁশ সরবরাহ ও বাখারী তৈরীর কাজ করা সম্ভব হচ্ছেনা। আলোচ্য কাজের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা “ প্রধান প্রকৌশলী ” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):

- ১। ২০২৩-২৪ ইং অর্থ বছরে মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। ঠিকাদারকে প্রেরিত চিঠি।
- ৩। ঠিকাদার হতে প্রাপ্ত সম্মতি পত্র।
- ৪। পূর্বের অনুমোদিত দর।
- ৫। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৮/২৩ ৬:২০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে আগস্ট-সেপ্টেম্বর-২০২৩ ইংমাসে শীল বোরাক বাঁশ সরবরাহ ও বাখারী তৈরীর কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৪৮,২৮৮(আটচল্লিশ হাজার দুইশত আটটিশ)** (ভ্যাট ট্যাক্স সহ) টাকার প্রাক্কলণটি অনুমোদন।

খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)/ট অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) এ অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান “ মেসার্স জাওয়ার এসোসিয়েটস ” এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২২-২৩ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং **B-14.2, SL No-10** (পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষন) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাব সমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

১৭/৮/২৩ ৬:৩৭ অপরাহ্ন
তৌফিক আহমাদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১৯/৮/২৩ ৮:৩৮ পূর্বাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১৯/৮/২৩ ১১:৪৫ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

১৯/৮/২৩ ১১:৪৫ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৮/২৩ ৪:৩৭ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

১৯/৮/২৩ ৪:৩৮ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১৯/৮/২৩ ৪:৩৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৯/৮/২৩ ৯:৩৫ অপরাহ্ন

অনুমোদিত

১৯/৮/২৩ ৯:৩৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২১/৮/২৩ ২:৪৫ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২১/৮/২৩ ২:৪৫ অপরাহ্ন
তৌফিক আহমাদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩